# জুলাই সনদ অমান্য করে সিদ্ধান্ত নিলে দায় নিতে হবে সরকারকে: বিএনপি




সংগৃহীত ছবি

বিএনপির পক্ষ থেকে জানানো হয়, জুলাই জাতীয় সনদে বর্ণিত সীমার বাইরে সরকার কোনো সিদ্ধান্ত ঘোষণা করলে সনদে স্বাক্ষরকারী দলগুলোর তা মানার বাধ্যবাধকতা থাকবে না। এর দায়ভার সম্পূর্ণভাবে সরকারের ওপর বর্তাবে।

মঙ্গলবার (১১ নভেম্বর) গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে দলের স্থায়ী কমিটির সংবাদ সম্মেলনে বিএনপির অবস্থান তুলে ধরেন স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, সরকারের উপদেষ্টাদের কেউ কেউ বিভ্রান্তিকর বক্তব্য দিচ্ছেন, যা ঐকমত্য কমিশনে গৃহীত সিদ্ধান্তকে অগ্রাহ্য করার শামিল।

একই অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের ক্ষেত্রে রাষ্ট্রপতির অধ্যাদেশ ছাড়া কোনোভাবেই আদেশ জারি করা সম্ভব নয়। তিনি সতর্ক করে বলেন, সরকার একতরফাভাবে কোনো আদেশ জারি করলে তা আইনগতভাবে অবৈধ হবে।

তিনি আরও বলেন, “জুলাই সনদের বাইরে গিয়ে নতুন ইস্যু তৈরি করা রাজনৈতিকভাবে অযৌক্তিক ও উদ্দেশ্যপ্রণোদিত।”

দলীয় নেতারা অভিযোগ করেন, নির্বাচনে অংশ নিতে না পারা কিছু গোষ্ঠী ইচ্ছাকৃতভাবে অশান্তি সৃষ্টি করে রাজনৈতিক পরিবেশ ঘোলাটে করার চেষ্টা করছে, যা গণতান্ত্রিক প্রক্রিয়ার জন্য অশনিসঙ্কেত।